



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর

অভ্যন্তরীণ সংগ্রহ শাখা

খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০

[www.dgfood.gov.bd](http://www.dgfood.gov.bd)



তাগিদপত্র

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৪৫.৩২২.২১.২৯৭

তারিখ: ৮ অগ্রহায়ণ ১৪২৮

২৩ নভেম্বর ২০২১

বিষয়: অভ্যন্তরীণ বোরো সংগ্রহ, ২০২১ মৌসুমে চাল সরবরাহে ব্যর্থ চালকল মালিকদের বিষয়ে ব্যবস্থা গ্রহণ।

সূত্র: ১। খাদ্য মন্ত্রণালয়ের স্মারক নং ১৩.০১.০০০০.০৯১.৪৫.৩২২.২১.২৯৫, তারিখ: ২৪/১১/২০২১ খ্রি।

২। সংগ্রহ বিভাগের স্মারক নং ১৩.০১.০০০০.০৯১.৪৫.৩২২.২১.২৬২, তারিখ: ২৪/১১/২০২১ খ্রি।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত অভ্যন্তরীণ বোরো সংগ্রহ, ২০২১ মৌসুমে চুক্তিযোগ্য ছিল কিন্তু চুক্তি করেনি কিংবা চুক্তি সম্পাদন করে কোন চাল সরবরাহ করেনি এরূপ চালকল মালিকদের যথাযথ প্রক্রিয়ায় লাইসেন্স বাতিলকরণ, বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্নকরণ এবং জামানত বাজেয়াপ্টের বিষয়ে সূত্রস্থ ১নং স্মারকে সিদ্ধান্ত প্রদান করা হয় যা সূত্রস্থ ২নং স্মারকে পৃষ্ঠাঙ্কন করে মাঠ পর্যায়ে প্রেরণ করা হয়েছে। প্রেরিত পত্রে মন্ত্রণালয়ের পত্রের গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী বর্ণিত চালকলসমূহের (সিন্ধ ও আতপ) নাম ও ঠিকানা পাক্ষিক ছাটাইক্ষমতা, লাইসেন্স নম্বর ও তারিখ জরুরি ভিত্তিতে সংগ্রহ বিভাগে প্রেরণের জন্য বলা হয়েছিল। কিন্তু চাহিত তথ্যাদি তার দপ্তর হতে অদ্যাবধি পাওয়া যায়নি। এ ব্যাপারে খাদ্য মন্ত্রণালয় থেকে তাগিদ আসছে।

এমতাবস্থায়, সূত্রস্থ ২নং স্মারকে চাহিত তথ্যাদি আগামী ০৩ (তিনি) কর্মদিবসের (২৪/১১/২০২১) মধ্যে সংগ্রহ বিভাগে ই-মেইল/হার্ডকপি প্রেরণের জন্য পুনরায় অনুরোধ করা হলো।

২৪-১১-২০২১

মোঃ রায়হানুল কবীর

পরিচালক

ফোন: +৮৮-০২-৪১০৫০১৭৮

ইমেইল: dproc@dgfood.gov.bd

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (সকল)

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৪৫.৩২২.২১.২৯৭/১(৫)

তারিখ: ৮ অগ্রহায়ণ ১৪২৮

২৩ নভেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২) মহাপরিচালক (গ্রেড-১), খাদ্য অধিদপ্তর, ঢাকা।

৩) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

৪) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। মাননীয় খাদ্যমন্ত্রীর সদয় অবগতির জন্য।

৫) সিলেক্ট এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। পত্রটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

২৪-১১-২০২১

মোঃ রায়হানুল কবীর

পরিচালক